

এক সাহাবি প্রায়ই তার ছোট সন্তানকে সাথে নিয়ে রাসূলুল্লাহ (সা.)-এর খেদমতে আসতেন। একদিন রাসূলুল্লাহ ﷺ তাঁকে জিজ্ঞেস করলেন, “তুমি কি তাকে ভালোবাসো?”

সাহাবি বললেন, “আল্লাহ আপনাকে তেমনই ভালোবাসুন, যেমন আমি তাকে ভালোবাসি।”

কিছুদিন পর আল্লাহর ইচ্ছায় হঠাৎ তার সেই প্রিয় সন্তানটি মারা গেল। সন্তানের শোকে কাতর হয়ে ওই সাহাবি বেশ কিছুদিন নবীজির মজলিসে আসতে পারলেন না।

নবীজি (সা.) তাকে কয়েক দিন দেখতে না পেয়ে অন্য সাহাবিদের জিজ্ঞেস করলেন, “যিনি তার বাচ্চাকে সাথে নিয়ে আসতেন, তাকে তো কয়েক দিন ধরে দেখছি না। তার কোনো সমস্যা হয়েছে কি?”

সাহাবিরা জানালেন, “জি ইয়া রাসূলুল্লাহ! কিছুদিন আগে তার সেই সন্তানটি মারা গেছে, যাকে তিনি সাথে নিয়ে আসতেন।”

এরপর নবীজির নির্দেশে সবাই মিলে ওই সাহাবির বাড়িতে গেলেন। (অন্য বর্ণনা মতে, সাহাবি নবী সা. এর কাছে আসলেন।)

সাহাবি তখন খুবই বিষণ্ণ ও শোকাহত ছিলেন। তখন রাসূলুল্লাহ (সা.) তাকে এক পরম সান্ত্বনা দিয়ে বললেন,

“তুমি কি এতে খুশি নও যে, কিয়ামতের দিন জান্নাতের যে কোনো দরজায় তুমি যাবে, সেখানেই তোমার সন্তানকে পাবে, সে দৌড়ে এসে তোমার জন্য দরজা খুলে দেবে?”

এই কথা শুনে সাহাবির হৃদয় প্রশান্ত হয়ে গেল এবং তার শোক হালকা হয়ে এলো।

*(সুনানে নাসাজ্জ)*

*নিষ্পাপ অবস্থায় মারা যাওয়া শিশুসন্তানরা মা-বাবার জন্য পরকালের সম্বল এবং জান্নাতে যাওয়ার সুপারিশকারী হবে। ইনশাআল্লাহ*

*যাদের সন্তান দুনিয়া থেকে বিদায় নিয়েছে, তাঁদেরকে মেনশন করে এই সুসংবাদ জানিয়ে দিন।*